সংবাদ

তারিখ 20 MAR 2009
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

# পিলখানায় এইচএসসির কেন্দ্র থাকছে না : তদন্ত শেষে খুলবে ৪ শিক্ষা প্রতিষ্ঠান

নিজস্ব বার্তা পরিবেশক

পিলখানায় বিডিআর সদর দপ্তরে অবস্থিত ৪টি শিক্ষা প্রতিষ্ঠান তদন্ত শেষে শিক্ষার্থীদের জন্য খুলে দেয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ ছাড়া এ বছরের এইচএসসি পরীক্ষার কেন্দ্র পিলখানার ভিতরের কোন শিক্ষা প্রতিষ্ঠানে রাখা হবে না বলে জানিয়েছেন তিনি।

গতকাল সকালে পিলখানার বিডিআর সদর দপ্তরে সংঘটিত নারকীয় হত্যাযজ্ঞের ফলে যেসব ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যরা চলমান এসএসসি পরীক্ষার কয়েকটি বিষয়ের পরীক্ষা দিতে পারেনি সেসব পরীক্ষার্থীর পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে এসব কথা বলেন তিনি।

পিলখানা হত্যাকাণ্ডের পর ঢাকা বোর্ডের বিশেষ ব্যবস্থাপনায় ক্ষতিগ্রস্ত ৮ জন পরীক্ষার্থীর গণিতসহ (আবশ্যিক) অন্যান্য বিষয়ের পরীক্ষা গতকাল থেকে গভ. ল্যাবরেটরি হাইস্কুল কেন্দ্রে শুরু হয়েছে। পরীক্ষার্থীদের মধ্যে রয়েছে বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস পাবলিক স্কুল

কেন্দ্র : পৃষ্ঠা : ১১ ক : ৩

## কেন্দ্র : থাকছে না

(১ম পৃষ্ঠার পর)

এন্ড কলেজের ৬ জন, বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ রাইফেলস কলেজের ১ জন এবং কামরাঙ্গীরচরের ওয়াজউদ্দিন উচ্চবিদ্যালয়ের ১ জন পরীক্ষার্থী।

শিক্ষামন্ত্রী বলেন, সম্প্রতি পিলখানায় বিডিআর সদর দপ্তরে সংঘটিত নারকীয় হত্যাযজ্ঞের পরে সেখানের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। এতে করে সাধারণ শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। যত দ্রুত সম্ভব পিলখানার অভ্যন্তরের ৪টি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের জন্য খুলে দেয়া হবে বলে জানান তিনি। এবছরের এইচএসসি পরীক্ষার কেন্দ্র পিলখানার অভ্যন্তরে কোন শিক্ষা প্রতিষ্ঠানে রাখা হবে না জানিয়ে তিনি বলেন, এর অধিকাংশ আসনই পার্শ্ববর্তী গভ. ল্যাবরেটরি হাইস্কুলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিন্যাস করা হবে।

ক্ষতিগ্রস্তদের জন্য পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়) ও ব্যবসায় পরিচিতি ২২ মার্চ, রসায়ন বিজ্ঞান (তত্ত্বীয়), ব্যবসায় উদ্যোগ ও হিসাব বিজ্ঞান ২৪ মার্চ, সাধারণ বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান ২৯ মার্চ, ইসলাম শিক্ষা ৩১ মার্চ, জীব বিজ্ঞান (তত্ত্বীয়) ২ এপ্রিল এবং কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়) ও কৃষি শিক্ষা (তত্ত্বীয়) ৫ এপ্রিল গভ. ল্যাবরেটরি হাইস্কুল কেন্দ্রে অনুষ্ঠিত হবে।